| |
|---|
| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
স্থানীয় সরকার শাখা
www.khulna.gov.bd

স্মারক নং-৪৬.৪৪.৪৭০০.০২৪.১১.০০৪.২২- ৫৪০(২০০)

তারিখঃ ১৭ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
০১ [illegible] ২০২২ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখার ১০ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.১৭০ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকরির শর্তাবলি) বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুযায়ী খুলনা জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউপি সচিবের শূন্যপদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | ইউনিয়ন পরিষদ সচিব | জাতীয় বেতনস্কেল-২০১৫ মোতাবেক ১৪ তম বেতন গ্রেড ১০,২০০-২৪,৬৮০/-<br>(ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবেন) | ০৭ (সাত) টি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী |

শর্তাবলি:

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, খুলনাকে সম্বোধন করে আগামী ০৩/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.forms.gov.bd; খুলনা জেলার ওয়েবপোর্টাল www.khulna.gov.bd এবং এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে সংগ্রহ করা যাবে।

৩. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৪. প্রার্থীর বয়সসীমা ১০-০৮-২০২২ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ) বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটার জন্য আবেদনকারী চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লেখিত তথ্যাদি পূরণপূর্বক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত সমন্বিত তালিকার সত্যায়িত কপি দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত সমন্বিত তালিকায় মুক্তিযোদ্ধার ক্রমিক নম্বর | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত সমন্বিত তালিকায় মুক্তিযোদ্ধার পরিচিতি নম্বর | মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

চ) আবেদনপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হতে জেলা প্রশাসক, খুলনা'র অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

ছ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ০১ (এক) টি ১০ ইঞ্চি × ৪.৫ ইঞ্চি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৬. বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৮. সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৯. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদসহ কম্পিউটার টাইপিং এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন বা দাখিল করতে হবে।

১১. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।


মোঃ মনিরুজ্জামান তালুকদার
জেলা প্রশাসক
খুলনা
ফোনঃ ০২৪৭৭-৭২১১১১ (অফিস)
ই-মেইল: dckhulna@mopa.gov.bd


বিতরণ:

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার......................... (সকল)
৬. জেলা প্রশাসক................................ (সকল)
৭. পুলিশ সুপার, খুলনা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, খুলনা
৯. সিভিল সার্জন, খুলনা
১০. উপপরিচালক, জেলা তথ্য অফিস, খুলনা
১১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(এল.এ)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/(শিক্ষা ও আইসিটি)/(রাজস্ব), খুলনা
১২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), খুলনা
১৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), খুলনা
১৪. সহকারী কমিশনার (ভূমি) (সকল), খুলনা
১৫. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), খুলনা
১৭. সম্পাদক......................................... ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ৬ কলাম ৯" সাইজে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮. সম্পাদক......................................... খুলনা। তাকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ৬ কলাম ৯" সাইজে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯. নোটিশ বোর্ড